গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

‘জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন’ শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৬ষ্ঠ সভার কার্যবিবিরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২০ ফেব্রুয়ারি, ২০২২ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নম্বর-৪২২, ভবন নম্বর-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | (১) ড. সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব(উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; (২) জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক(অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর; (৩) জনাব মোঃ মতিয়ার রহমান, মহা পরিচালক(অতিরিক্ত সচিব), আইএমইডি; (৪) আবু জাফর মোঃ ফরিদ উদ্দিন চৌধুরী, অতিরিক্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ; (৫) জনাব মোঃ ছায়েদুজ্জামান, অতিরিক্ত সচিব, কৃষি, শিল্প ও সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ; (৭) জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন , উপসচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; (৭) জনাব মাজেদা ইয়াসমিন, উপসচিব, এনইসি ও সমন্বয়, পরিকল্পনা বিভাগ;(৮) জনাব সুরাইয়া জাহান,উপসচিব, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়;(৯) জনাব ফরিদ আহাম্মদ, প্রকল্প পরিচালক;(৯) মেজর(অবসর) মোঃ মাসুম আখতার জামান, উপ-ব্যবস্থাপক, সেনাকল্যান সংস্থা (১০) জনাব মোঃ আব্দুল আউয়াল,উপ-প্রকল্প পরিচালক। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত কানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব ড. সেলিনা আক্তার অবহিত করেন যে, ‘জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষনা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট স্থাপন’’ শীর্ষক প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২১ মেয়াদে মোট ১৬৫২৭.৮০ লক্ষ টাকা ব্যয়ে একনেক কর্তৃক অনুমোদিত হয়।প্রকল্প বাস্তবায়ন কালে কিছু কাজের ধরন পরিবর্ধন ও পরিবর্তন হয় । ফলে প্রকল্পটির কিছু অঙ্গে ব্যয় বৃদ্ধি ঘটে এবং প্রকল্পটির ব্যয় সংশোধন আবশ্যক হয়ে পড়ে। প্রকল্পের সংশোধন প্রস্তাব করা হলে গত ২১-১২-২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত PEC সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত আরডিপিপি প্রণয়ন করার নির্দেশনা দেয়া। আরডিপিপি প্রনয়নের পাশাপাশি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৮-০৯-২০২১ তারিখের ৪০.০০.০০০০.০২৬.১৪.০৮৮.১৮-২০ নং স্মারকে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত ০১(এক) বছর সময় বৃদ্ধি করা হয়। তবে পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের ২০.০৫.০০০০.৪৩২.১৪.০৬০.২১(অংশ-১)/৪৩ নং স্মারক মারফত জানানো হয়েছে যে, প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি/ সংশোধনের কোন সুযোগ নাই। সে হিসেবে ৩০ জুন,২০২২ মেয়াদে প্রকল্পটি আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে। তাই সময়মত কাজশেষ করার লক্ষ্য নিয়ে আজকের এই সভা আহবান করা হয়েছে।

আলোচনাঃ

ক) প্রকল্পের ৫ম পিএসসি সভার কার্যবিবরনী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা:

প্রকল্পের ৫ম পিএসসি সভা গত ২৮ নভেম্বর, ২০২১ তারিখে মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধোন বা পরিমার্জন না থাকায় তা সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়। সভার সিদ্ধান্তমতে দ্রুততম সময়ের মধ্যে আরডিপিপি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা ছিল, যা বস্তবায়িত হয়েছে। আইবাস++ ও এএমএস এন্ট্রি ১৫ ডিসেম্বর,২০২১ তারিখের মধ্যে সম্পন্ন হয়েছে। প্রকল্পের ১ম ও ২য় কিস্তির অর্থ ছাড় হয়েছে।

খ) প্রকল্পের নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা:

**মন্ত্রণালয়ের উপসচিব জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন জানান যে, প্রকল্পের আওতায় ৯টি ভবনের নির্মান কাজ চলমান আছে। অনুমোদিত ডিপিপির ডিজাইন অনুযায়ী ভবনগুলির অগ্রগতি নিম্নরূপ:**

| ক্রম | ভবনের নাম | ভৌত অগ্রগতি | বাবদ ডিপিপি তে বরাদ্দ (লক্ষ টাকা) | প্রদানকৃত বিলের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | একাডেমিক ভবন | ৩৩.৫% | ৪৮৭৯ | ১৯০৩.৩৩ | ডিপিপিতে একাডেমিক ভবনের ৪ তলা পর্যন্ত ডিজাইন আছে ও ব্যয় প্রাক্কলন ৫ তলা দেয়া আছে। |
| ২ | **মহিলা হোস্টেল** | ৭৭% | ৭০১ | ৬২৫.৫০ | ডিপিপিতে **মহিলা হোস্টেল** ভবনের ৬ তলা পর্যন্ত ডিজাইন আছে ও ব্যয় প্রাক্কলন ৫ তলা দেয়া আছে। |
| ৩ | **পুরুষ হোস্টেল** | ৭৭% | ৭০১ | ৬২৫.৫০ | ডিপিপিতে **পুরুষ হোস্টেল** ভবনের ৬ তলা পর্যন্ত ডিজাইন আছে এবং ব্যয় প্রাক্কলন ৫ তলা পর্যন্ত ডিজাইন দেয়া আছে। |
| ৪ | টিচার্স কোয়ার্টার | ৭০%) | ৫৩৪ | ৩৬৪.১৯ | - |
| ৫ | ফ্যাকাল্টি কোয়ার্টার | ৭০% | ৭৬৮ | ২৮৩.৯০ | - |
| ৬ | ব্যাচেলর কোয়ার্টার | ৭৫% | ৭৮১ | ৪৪৮.০৫ | - |
| ৭ | ডাইরেক্টর কোয়ার্টার | **৯২%** | ১৪৬ | ৯১.৫১ | - |
| ৮ | ইন্সপেকশন বাংলো | ৬৮% | ২৫৭ | ১৩৭.৯৮ | - |
| ৯ | ৩য় ও ৪র্থ শ্রেনী কর্মচারীর কোয়ার্টার | ৬৮% | ৫০৩ | ৩৬৪.১৯ | - |

প্রকল্প এলাকায় প্রিন্সিপাল বাংলো নামে একতলা ভবন বিদ্যমান ছিলো। উক্ত প্রিন্সিপাল বাংলোর ১ (এক) তলা ফ্লোর উর্ধমুখী সম্প্রসারণ করা হয়েছে এবং **ভৌত অগ্রগতি ৯২%**।

**পূর্ত কাজ বাবদ ডিপিপিতে মোট বরাদ্দ রয়েছে ৯৯৬১ লক্ষ টাকা।** তবে ডিপিপিতে সংযুক্ত ডিজাইন মোতাবেক পিডব্লিউডি রেট সিডিউল-২০১৮ অনুযায়ী ব্যয় প্রাক্কলন হয় ৮৯২৭.৮০ লক্ষ টাকা। **তন্মধ্যে পরিশোধ করা হয়েছে** ৫৩৪৫.৭৪ লক্ষ **টাকা। অসমাপ্ত নির্মান কাজ শেষ করার জন্য** ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৩৫৮২.০৫ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে। জনাব মোঃ মতিয়ার রহমান, মহা পরিচালক(অতিরিক্ত সচিব), আইএমইডি জুন,২০২২ মেয়াদে **অসমাপ্ত নির্মান কাজ শেষ করা সম্ভব কিনা জানতে চান। এ বিষয়ে সেনা কল্যান সংস্থার ডিজিএম** মেজর মোঃ মাসুম আখতার জামান **যে,** নির্ধারিত সময়ের মাঝে নির্মান কাজ সমাপ্ত করার পরিকল্পনা নিয়ে ভবন নির্মানের কাজ চলমান আছে। সভাপতি মহোদয় প্রকল্পের মেয়াদের মধ্যে নির্মান কাজ সফলভাবে সমাপ্ত করা জন্য আন্তরিক অনুরোধ জানান।

গ) প্রকল্পের বাজেট পর্যালোচনা:

**মন্ত্রণালয়ের উপসচিব জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন জানান যে, পরিকল্পনা** কমিশনের শিল্প ও শক্তি বিভাগের ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের ২০.০৫.০০০০.৪৩২.১৪.০৬০.২১(অংশ-১)/৪৩ স্মারক মারফত জানানো হয়েছে যে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি/ সংশোধনের কোন সুযোগ নাই। সে হিসেবে ৩০ জুন,২০২২ মেয়াদে প্রকল্পটি আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে। তবে আলোচ্য প্রকল্পটির জন্য ২০২১-২২ অর্থ বছরে বাজেট বরাদ্দ মাত্র ৫৩৬৮ লক্ষ টাকা।

বরাদ্দ অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন ও প্রস্তাবঃ

(লক্ষ টাকা)

| ক্রম | ডিপিপির প্রাক্কলন | ক্রমপুঞ্জিত ব্যয় | ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| অফিস ভবন | ৯৯৩১.৬৬ | ৫৩৪৫.৭৫ | ৩৫৮২.০৫ | ডিপিপিতে সংযুক্ত ডিজাইন মোতাবেক পিডব্লিউডি রেট সিডিউল-২০১৮ অনুযায়ী ব্যয় প্রাক্কলন হয় ৮৯২৭.৮০ লক্ষ টাকা। |
| অফিস সরঞ্জাম | ২৪২১.৫৭ | ০ | ১২৩৩.৪৮ | ভবন নির্মান শেষে সীমিত পরিসরে ট্রেনিং কার্যক্রম পরিচালনার জন্য ভবনসমূহ ব্যবহার উপযোগী করার নিমিত্ত কিছু অত্যাবশকীয় আইটেমের চাহিদা অপরিবর্তিত রেখে এই খাতে ব্যয় সংশোধন করা হয়েছে। |
| আসবাবপত্র | ১১৯৪.৮৩ | ০ | ৯৯.৭৭ | - |
| সেনিটেশন | ২০৫.১৮ | ০ | ১৫৮.৬৮ | পিডব্লিউডি রেট সিডিউল-২০১৮ অনুযায়ী। |
| মোটর যান | ৬৭৬ | ০ | ১২৬ | |
| **রাজস্ব ব্যয়** | ১৩১৫ | ৪৩৮.৮১ | ১৮৫.০২ | |
| মোট= | | ৫৭৮৪.৫৬ | ৫৩৮৫.০০ | |

**মহাপরিদর্শক মহোদয় জানান যে,** ৩০ জুন,২০২২ মেয়াদে প্রকল্পটি সমাপ্ত করতে হলে ২০২১-২২ অর্থ বছরে ৬৩৮৩.৩৩ লক্ষ টাকা (রাজস্ব১৮৫.০২ লক্ষ টাকা এবং মূলধন ৬১৯৮.৩১ লক্ষ টাকা) প্রয়োজন। ১২তম  পিআইসি সভাতেও এই বিষয়ের পক্ষে সকল সদস্য মতামত দেন। এ প্রেক্ষিতে  জনাব মোঃ ছায়েদুজ্জামান, অতিরিক্ত সচিব, কৃষি, শিল্প ও সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ বলেন যে, প্রকল্পের মেয়াদ ৩০ জুন শেষ হতে যাচ্ছে তাই অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হলে পরিকল্পনা কমিশন বরাবর তা জানাতে হবে। কমিশন বরাদ্দ প্রাপ্তির অনুরোধ যাচাই করে তদানুযায়ি ব্যবস্থা গ্রহন করবে। সভাপতি এ বিষয়ে শিল্প ও শক্তি এবং আইএমইডি এর মতামত চান। জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক(অতিরিক্ত সচিব) জানান যে, অতিরিক্ত বরাদ্দ পেয়ে নির্মান কাজ সমাপ্ত করতে পারলে আইএমইডি এর কোন আপত্তি নাই। আবু জাফর মোঃ ফরিদ উদ্দিন চৌধুরী, অতিরিক্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ এ বিষয়ে একমত পোষণ করেন।

**মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব** ড. সেলিনা আক্তার প্রস্তাব দেন যে, ১৫% ব্যয় হ্রাস করে ডিপিপি সংশোধন করা যেতে পারে। এ ক্ষেত্রে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী অনুমোদন দিতে পারবেন। এ প্রেক্ষিতে পরিকল্পনা কমিশনের মতামত চাইলে, আবু জাফর মোঃ ফরিদ উদ্দিন চৌধুরী, অতিরিক্ত সচিব জানান যে, ১৫% ব্যয় হ্রাস করে করে প্রশাসনিক মন্ত্রণালয় অনুমোদন দিতে পারে। সভাপতি মহোদয় ১৫% ব্যয় হ্রাস করে ডিপিপি সংশোধন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশ দেন।

আলোচনার শেষ পর্যায়ে সেনাকল্যানের প্রতিনিধি মেজর মোঃ মাসুম আখতার জামান জানান যে, ১) নির্মান কাজে PILE Foundation এ Cast in Situ Pile এর জন্য ২০% ধরে PWD Rate অনুযায়ী ১,৬৪,০৮,৫৭০ টাকা, ২) প্রিন্সিপাল ভবন নির্মান কাজে অতিরিক্ত ৪৮,৭১,২৬৪ টাকা এবং সাব-স্টেশন, জেনারেটর ও পাম্প হাউস নির্মান কাজে ৬০,১০,৭৫২ টাকা হিসেবে অতিরিক্ত ৩,১২,৯০,৫৮৬ টাকা প্রয়োজন। প্রকল্প পরিচালক জানান যে, ১২তম পিআইসি সভাতে পূর্ত কাজের ব্যয় প্রাক্কলন নির্ধারন করার জন্য একটি কারিগরি কমিটি গঠন করা আছে। উক্ত কারিগরি কমিটি এ বিষয়টি যাচায় করে সভাকে মতামত দিতে পারবে। সভাপতি মহোদয় কারগরি কমিটির মতামত সাপেক্ষে সেনাকল্যানের চাহিদা সমন্বয় করবে মর্মে সিদ্ধান্ত দেন।

০৩। সিদ্ধান্ত: সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) ১৫% ব্যয় হ্রাস করে ডিপিপি সংশোধন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

খ) নির্ধারিত সময় অর্থাৎ জুন/২০২২ এর মধ্যে প্রকল্পের কাজ আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে।

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.১৪.০০৪.২১.১৩

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৮
২৫ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, পরিকল্পনা বিভাগ
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৮) যুগ্ম মহাপরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৯) উপ- প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১০) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব